কেন্দ্র ঘোষিত গাংনী উপজেলা বিএনপির পৃথকভাবে অবস্থান কর্মসূচি পালন

১০ দফা বাস্তবায়নের দাবিতে মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপি অবস্থান কর্মসূচি পালন করেছে। গতকাল শনিবার সকাল ৯:৩০ টার দিকে উপজেলা বিএনপি’র কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা বিএনপি’র সভাপতি রেজাউল হক এর সভাপতিত্বে কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র-সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

জেলা যুবদল নেতা আব্দুল হকের সঞ্চালনায়- সভায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপি’র সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, মনিরুজ্জামান গাড্ডু, ইনসারুল হক ইন্সু, সিরাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, বিএনপি নেতা আখেরুজ্জামান, কাওসার আলী।

এ সময় বক্তব্য রাখেন জেলা মহিলাদলের সাধারণ সম্পাদিকা লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম,ছাত্রদল নেতা নাজমুল হোসেন,গাংনী পৌর যুবদলের আহবায়ক সাহিদুল ইসলাম, সদস্য সচিব এনামুল হক, গাংনী পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক এনামুল হক, সদস্য সচিব জামাল উদ্দীন, সাবেক ছাত্রদল নেতা সাহিবুল ইসলাম,উপজেলা ছাত্রদলের আহবায়ক সাজেদুর রহমান বিপ্লব, সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের আহ্বায়ক জুয়েল রানা, সদস্য সচিব শিশির আহমেদ শাকিল, উপজেলা জাসাস সভাপতি সেলিম হোসেন, সম্পাদক সালেহ আহমেদ, পৌর জাসাস সভাপতি সোহরাব হোসেন,সাধারণ সম্পাদক সুলেরী আলভী প্রমুখ।এসময় উপস্থিত ছিলেন বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। কর্মসূচিতে বক্তারা বলেন,বর্তমান সরকার এতোই দুর্নীতি করেছে। যা জনগণের কাছে আজ ভোট যাওয়ার অধিকার রাখেনা। বর্তমান সরকারের পায়ের তলে মাটি নেই। এ সরকারকে সরাতে আগামীতে কঠোর আন্দোলন করা হবে।

অপরপক্ষে মাত্র ২০ থেকে ৩০ গজ দূরে জেলা বিএনপির সাধারণ সম্পাদক

আমজাদ হোসেনের নেতৃত্বে অপর একটি পক্ষ অবস্থান কর্মসূচি পালন করেন। গতকাল শনিবার সকাল সাড় ৯টার দিকে শুরু হয়ে সকল ১১ টা পর্যন্ত কর্মসূচি পালন করে।

এতে সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রউফ। কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি মুহাম্মদ আব্দুল্লাহ,স্বেচ্ছাসেবক দলের নেতা শহিদুল ইসলাম।

এসময় বক্তব্য রাখেন সাবেক জেলা বিএনপির অন্যতম নেতা আব্দুস সালাম,সাবেক ছাত্রনেতা জাহিদুল ইসলাম রাজু,বিএনপি নেতা আব্দুর রাজ্জাক,মিজানুর রহমান,জাসাস নেতা লিপ্টন প্রমুখ।এসময় বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। কর্মসূচিতে বক্তারা বলেন,সকল খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমাতে হবে। এবং এই জালেম সরকারকে পদত্যাগ করতে হবে। যদি এই সরকার পদত্যাগ না করে তাহলে, আগামীতে কঠোর কর্মসূচি গ্রহণ করা হবে।